

10

দৈনিক সংবাদ

তারিখ 1.3 JUN 1993

পৃষ্ঠা... ৩... কলাম... ৩...

### এইচএসসি পরীক্ষায় শিক্ষকদের পরিদর্শক নিয়োগের নির্দেশ স্থগিত

সরকার আসন্ন এইচএসসি পরীক্ষায় এক কলেজের শিক্ষককে অন্য কলেজে পরিদর্শক হিসেবে নিয়োগের যে নির্দেশ ইতিমধ্যে জারি করেছিল তা স্থগিত ঘোষণা করেছে। গতকাল শনিবার ঢাকায় শিক্ষা সচিব ইরশাদুল হক বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের নেতৃত্বের সাথে এক বৈঠকে একথা জানান। শিক্ষা সচিব উল্লেখ করেন যে, উন্নত ও দক্ষ পরিদর্শন ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি কেন্দ্রে শিক্ষকদের সমন্বয়ে পাঁচ সদস্যের একটি এক্সটার্নাল ডিজিলাপ টিম থাকবে। তিনি আশ্বাস প্রদান করেন যে, যথাযথ তদন্ত ব্যতিরেকে কোন শিক্ষক অথবা শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে এ ব্যাপারে কোন শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবেন।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব কাজী ফারুক আহমদ, বাংলা-দেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এ কে এম রহমান, যুগ্ম সম্পাদক অধ্যাপক আসাদুল হক ও চট্টগ্রাম জেলার সভাপতি অধ্যক্ষ মেজবাহুল আলম বৈঠকে যোগদান করেন। খবর সরকারী তথ্য বিবরণীর।